BGMEA

সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৫/১৬৪ তারিখঃ ২৫ আগস্ট, ২০২৫

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ পোশাক শিল্পের রপ্তানিবাহী কন্টেইনারের ক্ষেত্রে জাহাজের-কাট-অফ-টাইম/গেইট-ইন-টাইম শিথিলকরণ অব্যাহত রাখা প্রসঙ্গে।**

সূত্রঃ পরিচালক (ট্রাফিক), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এর বিজ্ঞপ্তি নং-০৯/২০২৫ তারিখঃ ২১/০৮/২০২৫ইং

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, বিজিএমইএ'র অনুরোধের প্রেক্ষিতে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের পরিচালক (ট্রাফিক) এর দপ্তর থেকে শুধুমাত্র পোশাক শিল্পের রপ্তানি পণ্যবাহী কন্টেইনারের জন্য কাট-অফ-টাইম/গেইট-ইন-টাইম ২৪ ঘন্টা বৃদ্ধি করে সূত্রোক্ত বিজ্ঞপ্তি জারী করেছে।

উল্লেখ্য, এই আদেশ ৩১/০৮/২০২৫ইং হতে ২৮/০২/২০২৬ইং পর্যন্ত বলবৎ থাকবে।

প্রয়োজনীয় কার্যার্থে পরিচালক (ট্রাফিক) চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের বিজ্ঞপ্তিটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি,সিএসসিএম (অবঃ)
সচিব (ভারপ্রাপ্ত)

সংযুক্তিঃ বর্ণনামতে।


**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION**
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

· বাংলাদেশে তৈরি ·

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org


E:\2025\CIRCULAR-2025.doc

CamScanner

# চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
পরিচালক (ট্রাফিক) এর দপ্তর

বিজ্ঞপ্তি নং- ০৯/২০২৫ তারিখ- ২১-০৮-২০২৫ ইং।

বিষয়ঃ- পোশাক শিল্পের রপ্তানীবাহী কন্টেইনারের ক্ষেত্রে জাহাজের কাট-অফ-টাইম/গেইট-ইন-টাইম শিথিলকরণ অব্যাহত রাখা প্রসঙ্গে।

সূত্রঃ- বিজিএমইএ এর পত্র নং-বিজিএমইএ/চট্ট/পোর্ট/২০২৫/৭৫৭, তারিখ- ০৩ আগষ্ট, ২০২৫ইং।

১। বন্দরের Container Manual অনুযায়ী রপ্তানী পণ্যের ক্ষেত্রে জাহাজের Cut off Time নিম্নরূপ নির্ধারিত আছে ঃ

| | |
|---|---|
| দিনের জোয়ারে জাহাজ আগমনের দিন | সকাল ৭.৩০ ঘটিকা। |
| রাতের জোয়ারে জাহাজ আগমনের দিন | রাত ২০.০০ ঘটিকা। |

বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ) এর সূত্রোক্ত আবেদনের প্রেক্ষিতে উক্ত Cut off Time/Gate in Time শুধুমাত্র পোশাক শিল্পের রপ্তানী পণ্যবাহী কন্টেইনারের জন্য ২৪ ঘন্টা বৃদ্ধি করে তা নিম্নমতে নির্ধারণ করা গেল ঃ

দিনের জোয়ারে জাহাজ আগমনের দিন সকাল ৭.৩০ ঘটিকা এর পরিবর্তে পরের দিন সকাল ৭.৩০ ঘটিকা।
রাতের জোয়ারে জাহাজ আগমনের রাত ২০.০০ ঘটিকা এর পরিবর্তে পরের রাত ২০.০০ ঘটিকা।

২। নির্ধারিত সময়ের মধ্যে স্টাফিংকৃত কন্টেইনারের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টেশন কার্যক্রম ও অনুমতি গ্রহণের জন্য দিনের জোয়ারে জাহাজ আগমনের ক্ষেত্রে পরের দিন সকাল ৭.৩০ ঘটিকা হতে আরো ৬ $\frac{১}{২}$ ঘন্টা (বেলা ১৪.০০ ঘটিকা পর্যন্ত) এবং রাতের জোয়ারে জাহাজ আগমনের ক্ষেত্রে পরের রাত ২০.০০ ঘটিকা থেকে আরো ০৪ ঘন্টা (রাত ২৪.০০ টা পর্যন্ত) সময় দেয়া হবে। অতএব, কাট অফ টাইম এর সময়সীমা শেষ হবার পূর্বেই কন্টেইনার স্টাফিং এর কাজ সম্পন্ন হবার সুবিধার্থে মালামাল অগ্রিম স্টাফিং পয়েন্টে পৌঁছানোসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে। আরো উল্লেখ্য যে, যথাসময়ে জাহাজ Sailing করার জন্য নির্ধারিত জাহাজ Sailing এর ০৩ ঘন্টা পূর্বে চট্টগ্রাম বন্দরে কন্টেইনার গেইট ইন টাইম বা প্রবেশ সময়সীমা শেষ হয়ে যাবে। এই বিষয়ে বিকডা/অফডকসমূহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

এই আদেশ ৩১-০৮-২০২৫ ইং হতে ২৮-০২-২০২৬ ইং পর্যন্ত বলবৎ থাকবে।

ইহা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা গেল।

স্বাক্ষরিত/-
পরিচালক (ট্রাফিক)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

নথি নং-ডিটি/শিপ/বিজিএমইএ/কাট-অফ-টাইম/২০১৫(অংশ-২)/২১৯৪ তারিখ- ২১-০৮-২০২৫ ইং।

অনুলিপি ঃ-

১। ম্যানেজিং ডাইরেক্টর, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, সল্টগোলা, চট্টগ্রাম এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
২। সকল সদস্য, চবক মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।
৩। কমিশনার অব কাস্টমস্‌, কাস্টম হাউস, চট্টগ্রাম এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৪। পি এস টু চেয়ারম্যান, চবক - চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।

ক্রমশঃ পৃষ্ঠা-২

CamScanner

CamScanner

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া গেল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

৫। উপ-সংরক্ষক, চবক।
৬। টার্মিনাল ম্যানেজার, চবক।
৭। ডেপুটি ট্রাফিক ম্যানেজার (অপাঃ), চবক।
৮। সিস্টেমস্ এনালিষ্ট, চবক - চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ওয়েব সাইটে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।
৯। সকল সহকারী ট্রাফিক ম্যানেজার/সহকারী টার্মিনাল ম্যানেজার, চবক।
১০। সকল ট্রাফিক অফিসার/টার্মিনাল অফিসার, চবক।
১১। প্রেসিডেন্ট, এফবিসিসিআই, ফেডারেশন ভবন, ৬০ মতিঝিল বা/এ, ঢাকা।
১২। সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস্ ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোটার্স এসোসিয়েশন (বিজিএমইএ), বিজিএমইএ কমপ্লেক্স, হাউস নং-৭/৭এ, ব্লক-এইচ-১, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা-১২৩০ - এসোসিয়েশনভুক্ত সকল সদস্যদের মধ্যে বহুল প্রচার ব্যবস্থা গ্রহনের জন্য দেয়া গেল।
১৩। চেয়ারম্যান, শিপার্স কাউন্সিল অব বাংলাদেশ, র‍্যাগস্ ফরচুন স্কয়ার, লেভেল-এ-৫, হাউস-৩২, রোড-০২, ধানমন্ডি, ঢাকা-১২০৫।
১৪। চেয়ারম্যান, বাংলাদেশ শিপিং এজেন্টস্ এসোসিয়েশন, মক্কা মদিনা ট্রেড সেন্টার (এমএমটিসি), ৩য় তলা, ৩৮, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম - এসোসিয়েশনভুক্ত সকল সদস্য শিপিং এজেন্টদের মধ্যে বহুল প্রচার ব্যবস্থা গ্রহনের জন্য দেয়া গেল।
১৫। চেয়ারম্যান, বাংলাদেশ কন্টেইনার শিপিং এসোসিয়েশন (বিসিএসএ), আইআইইউসি টাওয়ার, হোল্ডিং নং-১৭০০/এ, ১৪ তম তলা, প্লট নং- ০৯, আগ্রাবাদ বাণিজ্যিক এলাকা, শেখ মুজিব রোড, চট্টগ্রাম - এসোসিয়েশনভুক্ত সকল সদস্য শিপিং এজেন্টদের মধ্যে বহুল প্রচার ব্যবস্থা গ্রহনের জন্য দেয়া গেল।
১৬। চেয়ারম্যান, বার্থ অপারেটরস্, শিপ হ্যান্ডলিং অপারেটরস এন্ড টার্মিনাল অপারেটস্ ওনার্স এসোসিয়েশন, ছাবের প্লাজা (২য় তলা), স্ট্যান্ড রোড, চট্টগ্রাম।
১৭। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন (BAFFA), আনোয়ার ট্রেড সেন্টার (লেভেল-১০) (যমুনা ভবনের পার্শ্বে), ১৭২৮, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
১৮। প্রথম ভাইস প্রেসিডেন্ট, বাংলাদেশ গার্মেন্টস্ ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোটার্স এসোসিয়েশন (বিজিএমইএ), বিজিএমইএ ভবন (লেভেল-৪ ও ৫), ৬৬৯/ই, ঝাউতলা রোড, দক্ষিণ খুলশী, চট্টগ্রাম।
১৯। সভাপতি, চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন, সিএন্ডএফ টাওয়ার, ১২ তলা, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
২০। সভাপতি, বাংলাদেশ ইনল্যান্ড কন্টেইনার ডিপো মালিক সমিতি (বিকডা), আকতারুজ্জামান সেন্টার (৭ম তলা), আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
২১। ম্যানেজিং ডিরেক্টর, মেসার্স সাইফ পাওয়ারটেক লিঃ, মক্কা মদিনা টাওয়ার (১৮ তলা), ৭২ আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।

পরিচালক (ট্রাফিক)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

CamScanner
CamScanner